# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৮]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْاِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৩৭: কুরআন সম্বন্ধীয় বিবিধ রিওয়ায়াত

## جامع ما جاء في القرآن

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ وَالْحَارِثُ بْنُ مِسْكِينٍ قِرَاءَةً عَلَيْهِ وَأَنَا أَسْمَعُ وَاللَّفْظُ لَهُ، عَنِ ابْنِ الْقَاسِمِ، قال: حَدَّثَنِيمَالِكٌ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدٍ الْقَارِيِّ، قال: سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِرَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ سَمِعْتُ هِشَامَ بْنَ حَكِيمٍ يَقْرَأُ سُورَةَ الْفُرْقَانِ عَلَى غَيْرِ مَا أَقْرَؤُهَا عَلَيْهِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَقْرَأَنِيهَا فَكِدْتُ أَنْ أَعْجَلَ عَلَيْهِ ثُمَّ أَمْهَلْتُهُ حَتَّى انْصَرَفَ، ثُمَّ لَبَّبْتُهُ بِرِدَائِهِ فَجِئْتُ بِهِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي سَمِعْتُ هَذَا يَقْرَأُ سُورَةَ الْفُرْقَانِ عَلَى غَيْرِ مَا أَقْرَأْتَنِيهَا فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْرَأْ فَقَرَأَ الْقِرَاءَةَ الَّتِي سَمِعْتُهُ يَقْرَأُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَكَذَا أُنْزِلَتْ، ثُمَّ قَالَ لِيَ اقْرَأْ فَقَرَأْتُ فَقَالَ: هَكَذَا أُنْزِلَتْ إِنَّ هَذَا الْقُرْآنَ أُنْزِلَ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ .

تخريج دارالدعوه: انظر ما قبله، (تحفة الأشراف: ١٠٥٩١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 938 - صحيح

বাংলা

৯৩৭. মুহাম্মাদ ইবনু সালামাহ্ ও হারিস ইবনু মিসকীন (রহ.) ..... ’আবদুর রহমান ইবনু আবদুল কারী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ’উমার ইবনুল খত্ত্বাব (রাঃ)-কে বলতে শুনেছি যে, তিনি বলেন, আমি হিশাম ইবনু হাকীমকে সূরাহ্ ফুরক্বান পড়তে শুনলাম আমি যেভাবে পড়ি সেভাবে না পড়ে অন্যভাবে। আর আমাকে তা

পড়িয়েছেন রাসূলুল্লাহ (সা.)। আমি তো তাকে আঘাত করতে উদ্যত হয়েছিলাম। অতঃপর আমি তাকে সুযোগ দিলাম তাঁর পড়া শেষ করা পর্যন্ত। এরপর আমি তার চাদর দ্বারা পেঁচিয়ে তাকে নিয়ে রসূলুল্লাহ (সা.)-এর খিদমাতে গিয়ে বললাম, হে আল্লাহর রসূল! আমি একে সূরাহ্ ফুরক্বান পড়তে শুনলাম যেভাবে আপনি আমাকে সূরা ফুরক্বান পড়িয়েছেন তা ভিন্ন অন্যভাবে। রাসূলুল্লাহ (সা.) তাঁকে বললেন, পড়। আমি তাকে যেভাবে পড়তে শুনেছি তিনি সেভাবেই পড়লেন। রাসূলুল্লাহ (সা.) বললেন, এরূপই অবতীর্ণ হয়েছে। এরপর তিনি আমাকে বললেন, পাঠ কর; আমি পাঠ করার পর বললেন, এরূপই নাযিল হয়েছে। এ কুরআন অবতীর্ণ হয়েছে সাত লুগাতে (উপ-ভাষায়)। অতএব, তোমরা তা পাঠ কর যেভাবে তোমাদের পক্ষে সহজ হয়।

## English

37. Collection Of What Was Narrated Concerning The Qur'an

It was narrated that AbdurRahman bin Abdul-Qari said: I heard Umar bin Al-Khattab, may Allah be pleased with him, say: 'I heard Hisham bin Hakim bin Hizam reciting Surat Al-Furqan, in a way that I had not been taught, and the Messenger of Allah (ﷺ) had taught me. I was about to interrupt him (in his prayer), but I left him alone until he had finished. Then I grabbed him by his garment and brought him to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah, I heard this man reciting Surat Al-Furqan in a way that you did not teach me.' The Messenger of Allah (ﷺ) said to him: 'Recite.' So he recited it in the way that I had heard him recite. Then the Messenger of Allah (ﷺ) said: 'It was revealed like this.' Then he said to me: 'Recite.' So I recited it and he said: 'It was revealed like this. This Quran has been revealed in seven different modes, so recite as much of the Quran as may be easy for you.'

## ফুটনোট

সহীহ: বুখারী ২৪১৯, ৪৯৯২, ৫০৪১; মুসলিম ৮১৮, তিরমিযী ৩১২৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুর রাহমান ইবনু ‘আবদ আল-ক্বারী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87311

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন